# স্বপ্নডানায় একমুঠো সুখ

আজমেরিনা শাহানী

জলছবি প্রকাশন

**স্বপ্নডানায় একমুঠো সুখ**
**আজমেরিনা শাহানী**

**প্রথম প্রকাশ**
একুশে বইমেলা, ২০২০

**গ্রন্থস্বত্ব**
লেখক

**প্রকাশক**
একেএম নাসিরউদ্দিন আহমেদ
জলছবি প্রকাশন
৪৩/৯/৪, শ্যামলী হাউজিং (তৃতীয় তলা)
সড়ক নং ৬, ব্লক-বি, শেখেরটেক
আদাবর, ঢাকা-১২০৭

Email : jalchhabi2015@gmail.com

**প্রচ্ছদ**
অনিন্দ্য হাসান

**ISBN : 978-984-92648-9-7**

মূল্য ২০০ টাকা

**পরিবেশক**

**ম্যাগনাম ওপাস**
১১২, আজিজ সুপারো মার্কেট (বেজমেন্ট)
ঢাকা-১০০০

**অনলাইন পরিবেশক**

**facebook.com/JalchobiProkashon**
**ফোন : ০১৮১৭১২৭৮০৭**

---

***Copyright @ Author***
**Sapnodanaye Ekmutho Shukh** by **Azmarina Shahani**
Published by AKM Nasir Uddin Ahmed, Jalchhabi Prokashon, Dhaka.
Published in Ekushye Boimela 2020

**Price Taka 200, US $ 6**

# উৎসর্গ

আমৃত্যুর প্রিয় সহচর
**আল মামুন**-কে

# সূচিপত্র


স্বপ্নডানায় একমুঠো সুখ ৯
আত্মিক প্রেম ১০
নিরন্তর সমঝোতা ১২
প্রেমাতুর মন ১৩
হৃদকথন ১৪
নির্জনতার শূন্য প্রহর ১৫
দাসত্ব ১৬
যুগল প্রেম ১৭
লেনা-দেনা ১৮
রক্তস্নান ১৯
অমরত্বের আকাঙ্ক্ষা ২০
এক সহস্রাব্দ পর ২১
নগ্নরাত্রির কান্না ২২
ছত্রিশ বসন্ত ২৩
পুনর্জন্মের ভিক্ষা ২৪
মিলন বিলাসী ২৫
অভিমান, ভালোবাসা ও আমি ২৬
হৃদমহল ২৭
অর্জন ২৮
নিভৃতচারিণী ২৯
স্বপ্নগ্রাস ৩০
অতঃপর আমি নারী ৩১
আমৃত্যুর গর্বিত সঞ্চয় ৩২
সেইসব রাত্রিতে ৩৩
নিষ্কৃতি ৩৪
অস্ফুট ভালোবাসা ৩৬
আজন্ম লালিত পাপ ৩৭
অন্যতম ৩৯
৪০ পরাজিত স্বাক্ষর
৪১ অন্তর্ধ্যান
৪৩ পরিচয়
৪৪ বিবর্ণ বাসনা
৪৫ কিছু প্রেম বাকি থাক
৪৬ তপস্যা
৪৭ তোমাকে ভুলে যাব বলে
৪৯ অস্তিত্ব
৫১ পিপাসিত আত্মা
৫২ পথ
৫৩ আমৃত্যুর আকাঙ্ক্ষা
৫৫ বিদগ্ধ নগরী
৫৬ নিঃশব্দ যাত্রা
৫৭ স্বপ্ন পূরণের তাড়া
৫৮ অবগাহন
৫৯ বেলা শেষে
৬১ আমন্ত্রণ
৬২ শিল্প ও সত্তা
৬৩ অবিকৃত
৬৬ অব্যক্ত বেদনার নোনাজল
৬৭ শিকল
৬৮ আমাকে ভালোবাসার নামে একদিন
৭০ অস্তিত্বহীন আমি
৭১ দহন
৭২ স্মৃতি রোমন্থন
৭৪ কাম ও প্রেমের সমঝোতা
৭৫ প্রলয়
৭৬ পুনর্বার এবং পৃ: ৭৭ কথোপকথন

# ভূমিকা

পথভ্রষ্ট পথিকের মতো
খুঁজে ফিরি
নিরুত্তাপ হৃৎপিণ্ডের গতি।
ছুঁয়ে দেখি
অবিকৃত ত্বকে পড়ে থাকা
রূপান্তরিত স্বপ্নের ছায়া।
আমার-
নিমেষ শরীর থেকে আত্মায় তলায় বিচ্ছুরিত হয়
তোমার অস্তিত্বের আহ্বান
আমার ঠিকানা
'শুধু একটাই তুমি'
তোমাতেই
'আমার গন্তব্যের অবসান'।

কবিতা আমার আত্মার চিৎকার;
অস্তিত্বের কারণ,
জীবন তৃষ্ণার পানীয় এবং
আয়নায় সমুখে আমাকেই অবলোকন

*–সৈয়দ শামসুল হক*

## স্বপ্নডানায় একমুঠো সুখ

গতকাল আমি
চেতনার অন্ধকারে ডুব দিয়েছিলাম,
অকস্মাৎ ঝলসে উঠল স্মৃতি,
বিস্ময়ের অদৃশ্য স্ফুলিঙ্গের মতো
হৃদয়ের বদ্ধ কামরায় আবির্ভূত হলে ‘তুমি’
আমি পবিত্র স্পর্শের আব্রুময় চাদরে
মুড়ে দিলাম তোমায়।

তুমি মুচকি হেসে বললে–
সুখ দিতে চাও?
তবে হৃদয়ের দ্বার খোলো
দেখো তোমার চেতনার অন্ধকারে অফুরন্ত সুখের কী মানে!
অলীক স্বপ্ন দিতে চাও?
তবে স্বপ্নের রাজ্যে মূর্তমান হও,
দেখো আমার ঘুমন্ত চোখে আলোকিত স্বপ্নের কী মানে?

দুঃখ ঘুচাতে চাও?
তবে আমার পরাভূত আত্মায় ডুব দাও,
দেখো সেথায় মানবিক বেদনার কী মানে?

আমি স্বপ্নগুলোকে রেখে এসেছি
ঈর্ষাক্ষুব্ধ হৃদয়ের এক প্রান্তরে,
সেখানে অস্পষ্ট স্মৃতিতে ভাসছে
আমার অশ্রুসিক্ত এক জীবনের ক্যানভাস।
তুমি ছুঁয়ে দিতে চাও তাকে?
তবে ঢুকে পড়ো
আমার পরাভূত আত্মার রন্ধ্রে, রন্ধ্রে
এক পরম নির্ভরতার আলিঙ্গনে
আমি কল্পিত স্বপ্ন ডানায় ভর দিয়ে
ফিরে যাব একমুঠো সুখের অন্বেষণে।

# আত্মিক প্রেম

তোমার স্পর্শের চেয়েও
আরও বেশি চাই
তোমার উষ্ণতার অদৃশ্য অনুভব
চাই, তোমার অশরীরী প্রেম
চাই, তোমার আত্মিক অঙ্গের 'উষ্ণ গন্ধ'।

কেননা
আমি তোমার শরীরের উষ্ণ গন্ধ গায়ে মেখে
ভালোবাসার বাষ্পে ভাসি রোজ,
চোখের কার্নিশ ছুঁয়ে যাওয়া
স্বপ্নডানায় ভর দিয়ে অহর্নিশ করে যাই
তোমার অনিঃশেষ বসন্তের খোঁজ।

আমি-
নিরন্তর সমঝোতায়
ক্রমাগত হই,
নীরব শূন্যতায় গাহন করি
বিচ্ছেদের বিষাক্ত মুহূর্তে।
আমি তোমাতেই করে যাই
আমার রূপান্তরিত স্বপ্নের খোঁজ।

আমি
তোমার আলিঙ্গনের চেয়েও
আরও বেশি চাই,
তোমার নীরব আহবান
তোমার অধরা যৌবনের সঙ্গী হতে,
আমি নিপাতিত হতে চাই আরেকবার
বুনো স্বপ্নগুলো বুনে দিতে চাই
তোমার অলীক স্বপ্নময় প্রহরে।

আর তাই তো আমি
তোমার কামাতুর চোখের ইশারাকে
উপেক্ষা করি,
তোমার পবিত্র সত্তায় করি
আমার অস্তিত্বের খোঁজ।

আমি
তোমার গন্তব্য হতে চাই,
আর তাই তো
আমার অস্থি-মজ্জা, শিরায় শিরায়
তোমাকেই ধারণ করি রোজ,
স্বপ্ন-জাগরণে
অনুভূতির দুয়ার খুলি,
বিনিদ্র প্রহরী হয়ে জেগে থাকি,
করি তোমার নিরুত্তাপ হৃৎপিণ্ডের খোঁজ।

আমি
তোমার হৃদয়ের গলিপথ ধরে
হেঁটে হেঁটে যাই
আর তোমার বুকের হিমশীতল পাঁজরে
আমার উত্তপ্ত ললাট ছোঁয়াই রোজ।
আর তোমার শরীরের উষ্ণ গন্ধ
গায়ে মেখে মেখে
ভালোবাসার বাষ্পে ভাসি রোজ।

## নিরন্তর সমঝোতা

নগ্ন পায়ে হেঁটে আসে
ক্লান্তিহীন অতীত
আর আমি ক্রমশ ক্রমাগত হই
ঘূর্ণায়মান বৃত্তের মতো
প্রেম আর কামের তুমুল উচ্ছ্বাসে ব্যস্ত
অর্বাচীন ভালোবাসার দেশে।

অনন্ত বিরহ শিখিনি,
তাই–
বুকের জমিনে আজ
নতুন প্রেমের পরিধি,
তুমি আমায় যে আকাশটা দিয়েছিলে
রংধনু দেখব বলে-
সেখানে আজ নীল জ্যোছনারা খেলা করে।

জীবনের প্রয়োজনে
ক্রমশ নিবিড় হয় আমার প্রেম
গভীর হয় আমার
আত্মিক যোগাযোগ,
তোমার বিশ্বস্ততায় জামানত রাখি
আমার সবটুকু সুখ।

আমি দুঃখ আর
আমার প্রথম স্বপ্নকে ছুঁয়ে দেখেছি
তোমার নিরুত্তাপ হৃৎপিণ্ডে
আমার আকাঙ্ক্ষার দিন-রাত্রির
যবনিকাপাত হয়
তোমার অপেক্ষাকাতর গুপ্তচর মনে।

বুকের ভেতরের
শেষ ঠিকানাটা তোমার
তুমি, আমার বেহিসাবি মনের
একান্ত চাওয়া,
তুমিই আমার অলিখিত চুক্তির
নিরন্তর সমঝোতা।

ছুঁয়ে দিতে মৃত্যুর হিমবাহ।